

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬০৮১

পর্ব-৩০: মান-মর্যাদা (كتاب المناقب)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ - উসমান (রাঃ)-এর মর্যাদা ও বৈশিষ্ট্য

اَلْفَصْلُ الثَّالِثُ (بَابِ مَنَاقِبِ عُثْمَانِ)

আরবী

وَعَن أَبِي سلهة مولى عُثْمَان رَضِي الله عَنْهُمَا قَالَ: جَعَلَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُسِرُّ إِلَى عُثْمَانَ وَلَوْنُ عُثْمَانَ يَتَغَيَّرُ فَلَمَّا كَانَ يَوْمِ الدَّارِ قُلْنَا: أَلا نُقَاتِل؟ قَالَ: لَا أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَهِدَ إِلَيَّ أَمْرًا فَأَنَا صَابِرٌ نَفْسِي عَلَيْهِ

صحيح ، رواه البيهقى فى دلائل النبوة (6 / 391 بزيادة :" عن عائشة ") [و ابن ماجم (113) بدون ذكر عائشة رضى اللم عنها] و للحديث شواهد ـ

(صَحِيح)

বাংলা

৬০৮১-[১৩] 'উসমান (রাঃ)-এর মুক্ত দাস আবূ সাহলাহ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একদিন নবী (সা.) 'উসমান (রাঃ)-কে চুপে চুপে কিছু কথা বলছিলেন, আর 'উসমান (রাঃ)-এর চেহারার রং পরিবর্তন হতে লাগল। অতঃপর যখন গৃহের (অবরোধের ঘটনার দিন আসলো, তখন আমরা বললাম, আমরা কি তাদের বিরুদ্ধে লড়াই করব না? উত্তরে তিনি বললেন, না। কেননা রাসূলুল্লাহ (সা.) আমাকে একটি ওয়াসিয়্যাত করেছেন। অতএব আমি তদনুযায়ী ধৈর্যধারণ করে অবিচল থাকব।

ফুটনোট

সহীহ: মুসনাদে আহমাদ ২৪২৯৮, মুসান্নাফ ইবনু আবী শায়বাহ ৩২০৩৭, আবূ ইয়া'লা ৪৮০৫।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবু সাহলাহ্ (রাঃ)



 $\textit{\textbf{\textit{9}}} \; \mathsf{Link} - \mathsf{https://www.hadithbd.com/hadith/link/?id} = 86057$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন